**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**22 March 2026** **7:45 PM IST**

==========================================================================

১) আসন্ন বিধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীদের মনোনয়নপত্র দাখিল ও প্রচার অভিযান অব্যাহত ।

২) মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা কাছাড় জেলার টিকিট বঞ্চিতদের সংগে কথাবার্তা সহ অন্যান্য নির্বাচনী কাজ নিয়ে আলোচনার জন্য আজ শিলচরে ।

৩) আসাম প্রদেশ তৃণমুল কংগ্রেসের আজ দ্বিতীয় প্রার্থী তালিকা প্রকাশ ।

এবং

৪) তিনসুকিয়ার জাগুনে পুলিশের কমান্ডো শিবিরে দুষ্কৃতকারীদের আক্রমণে কম করে ও ৪ জোয়ান আহত ।

---

আসন্ন বিধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীদের মনোনয়ন দাখিল ও প্রচার অভিযান বৃদ্ধি পেয়েছে ।আগামীকাল মনোনয়ন দাখিলের শেষ দিনে প্রার্থীরা বেলা তিনটে পর্যন্ত মনোনয়ন দাখিল করতে পারবে । সেই অনুযায়ী আগামীকাল শেষ দিনে সকল রাজনৈতিক দলের প্রার্থীরা মনোনয়নপত্র দাখিলের জন্য প্রস্তুত হয়েছেন । কামরুপ মহানগর জেলার ৫ টি বিধানসভা আসনের জন্য আগামীকাল বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীরা মনোনয়ন দাখিল করবেন ।আমাদের গৌহাটীর সংবাদদাতা জানিয়েছেন যে বিজেপি থেকে দিসপুর আসনের জন্য প্রার্থীত্ব লাভ করা প্রদ্যুৎ বরদলৈ , মধ্য গৌহাটীর প্রার্থী বিজয় গুপ্তা , নিউ গৌহাটীর প্রার্থী দিপ্লু রঞ্জন শর্মা ও মিত্রদল এ জিপির ডিমরীয়া আসনের প্রার্থী ড: তপন দাস আগামীকাল মনোনয়নপত্র দাখিল করবেন । এদিকে দিসপুর আসনের  কংগ্রেস প্রার্থী মীরা বরঠাকুর , নিউ গৌহাটীর প্রার্থী শান্তনু বরা , ডিমরীয়ার প্রার্থী কিশোর কুমার বরুয়া , জালুকবারীর প্রার্থী বিদিশা নেওগ তথা এ জে পির মধ্য গৌহাটীর প্রার্থী পংকী চৌধুরী মনোনয়নপত্র দাখিল করবেন ।

আগামীকাল বিজেপির জয়ন্ত মল্ল বরুয়া , চন্দ্রমোহন পাটোয়ারী  ও নারায়ন ডেকা মনোনয়ন দাখিল করবেন ।তারা গর্ডন খেলারমাঠ থেকে শোভাযাত্রা করে জেলা আয়ুক্তের কার্যালয় পর্যন্ত যাবেন । এদিকে কংগ্রেস দলের মনোনয়ন পত্র দাখিলের সময় ছত্তিশগড়ের প্রাক্তন মুখ্যমন্ত্রী  ভুপেশ বাঘেল ,আসাম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি গৌরব গগৈ ও নিখিল ভারত কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক জীতেন্দ্র সিং এর উপস্থিত থাকার কথা রয়েছে ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ কাছাড় জেলার তিনটি বিধানসভা আসন অর্থাৎ শিলচর , উধারবন্দ এবং ধলাইর বিধানসভা নির্বাচনের

জন্য বিজেপির টিকিট বঞ্চিত বিধায়ক দিপায়ন চক্রবর্তী , মিহিরকান্তি সোম এবং নিহার রঞ্জন দাসের সঙ্গে এক বৈঠকে মিলিত হন ।বৈঠকে দলের আভ্যন্তরীণ পরিস্থিতির বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা অনুষ্ঠিত হয়েছে বলে জানা গেছে । প্রার্থী তালিকা ঘোষণার পর বিজেপির অভ্যন্তরে যে অসন্তুষ্টির সৃষ্টি হয়েছে তা সমাধানের জন্য এই বৈঠক এক উল্লেখযোগ্য পদক্ষেপ বলে বিবেচনা করা হচ্ছে ।

---

আসাম প্রদেশ তৃণমূল কংগ্রেস দল আজ দ্বিতীয় প্রার্থীর তালিকা প্রকাশ করেছে । সেই অনুযায়ী শ্রীভূমি জেলার উত্তর করিমগঞ্জ আসনে পরিমল রঞ্জন রায় এবং দক্ষিণ করিমগঞ্জ আসনে আজিজ আহমেদ খানকে প্রার্থীত্ব প্রদান করা হয়েছে । শ্বেরমান আহমেদকে বরপেটার মন্দিরা আসন থেকে প্রার্থীত্ব দেওয়া সহ রোজি আহমেদকে কামরুপ জেলার হাজো - শুয়ালকুচিতে প্রার্থীত্ব দেওয়া হয়েছে ।কামরুপ মেট্রো জেলার গৌহাটী সেন্ট্রেল আসনে অভিজিৎ মজুমদার , ডিব্রুগড় জেলার চাবুয়া - লাহোয়াল আসনে ইউনিস কুমার কান্দাপন , যোরহাট জেলার মরিয়ানি আসনে পরেশ বরাকে প্রার্থীত্ব প্রদান করা হয়েছে ।

---

বিধানসভা নির্বাচনের দিন এগিয়ে আসার পরিপ্রেক্ষিতে রাজনৈতিক দলগুলির মধ্যে তৎপরতা বৃদ্ধি পেয়েছে । ইতিমধ্যে দু একটি দল প্রচার অভিযান শুরু করে দিয়েছে । বিজেপি আগামী মংগলবার আনুষ্ঠানিকভাবে নির্বাচনী প্রচার আরম্ভ করবে । দলটির প্রায় ৪০ জন

তারকা প্রচারককে নিয়ে প্রচার অভিযান চালানো হবে বলে বিজেপির রাজ্য সভাপতি দিলীপ শইকীয়া সাংবাদিকদের জানান । তাদের মধ্যে প্রচারে প্রবীন বিজেপি নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ , প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং , বিজেপির জাতীয় সভাপতি নীতিন নবীন সহ বেশ কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রী থাকবেন বলে শ্রী শইকীয়া জানিয়েছেন ।

বাইট -------

---

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে আগামীকাল মনোনয়ন পত্র জমা দেবার শেষ দিনে শান্তি শৃংখলা বজায় রাখা সহ সম্পূর্ন প্রক্রিয়া নির্বিঘ্নে সম্পন্ন করার জন্য  ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে নিধেষাজ্ঞা জারী জারী করা হয়েছে ।নিধেষাজ্ঞায় বলা হয়েছে যে আগামীকাল সকাল ৯টা থেকে বিকেল পাঁচটা পর্য্যন্ত জেলা নির্বাচন আধিকারীকের কার্যলয়ের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে সড়কের পাশে ব্যবসা পরিচালনা করার অনুমতি দেওয়া হবে না । পাশাপাশি জেলা নির্বাচন আধিকারীকের কার্য্যলয় এলাকায় পাঁচ বা ততোধিক ব্যাক্তি জড়ো হতে পারবেন না । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে এই নিষেধাজ্ঞা সরকারী দায়িত্বে নিয়োজিত কর্মীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না । নির্দেশ অমান্য করলে ভারতীয় ন্যায় সংহিতার ২২৩ ধারার অধীনে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে ।

---

এদিকে কাছাড় জেলার উধারবন্দ , ধলাই বিধানসভা আসনের সাধারন পর্যবেক্ষক ভারতীয় প্রশাসনিক সেবার আধিকারীক  নীতিন কে পাটিল-এর

স্থানে ভারতীয় প্রশাসনিক সেবার আধিকারীক কানুহুয়াই এইচ বাগাতেকে নিয়োগ করা হয়েছে ।নির্বাচনে প্রতিদ্বন্দি প্রার্থী ও রাজনৈতিক দলগুলির সাথে সরাসরি মত বিনিময় ও অভিযোগ গ্রহনের উদ্দেশ্যে তিনি প্রতিদিন সকাল ৯টা থেকে সকাল ১০টা পর্য্যন্ত শিলচর আর্বত ভবনের সম্মেলন কক্ষে থাকবেন ।

---

শ্রীভূমি জেলা প্রশাসনের পক্ষ থেকে আসাম বিধানসভা নির্বাচন অবাধ , সুষ্ঠ ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে বেশ কিছু বিধি নিষেধ জারী করা হয়েছে । বিধি নিষেধ অনুসারে অনুমতি ছাড়া পাঁচ বা ততোধিক ব্যাক্তি জড়ো হতে পারবেন না । এছাড়া অনুমতি ছাড়া কোন সরকারী বা বেসরকারী প্রাঙ্গন , শিক্ষা প্রতিষ্ঠান , অতিথিশালায় নির্বাচনী প্রচার চালানো যাবে না । যেকোন ধরনের অস্ত্র , বিস্ফোরক বা সন্দেহজনক বস্তু বহন করা যাবে না এবং এবং জনসমক্ষে বাজি ফাটানো যাবে না । কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কোন জনসভা , র্যালি , ধর্না বা মিছিল করা যাবে না । পাশাপাশি কোন জাতি , ধর্ম বা সম্প্রদায়কে আঘাত করে এমন কোন উস্কানিমূলক ভাষন , স্লোগান , দেওয়াল লিখন করা যাবে না । এছাড়া জেলা আয়ুক্তের কার্যলয়ের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে কোন যানবাহন রাখা যাবে না । এই নির্দেশ সরকারী কর্মী , আধিকারীক , পুলিশ ,আধা -সামরিক বাহিনী বা এম্বুল্যান্স ও অগ্নি নির্বাপক বাহিনীর ক্ষেত্রে প্রযোজ্য হবে না ।

---

শ্রীভূমি জেলায় বিধানসভা নির্বাচন অবাধ, সুষ্ঠ ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করার লক্ষ্যে জেলা পর্যায়ে একটি কন্ট্রল রুম খোলা হয়েছে । এই কন্ট্রল রুমের টেলিফোন নম্বর হচ্ছে-০৩৮৪৩-২৬২১৭১ । নির্বাচন সংক্রান্ত যে

কোন তথ্য আদান প্রদানের জন্য এই কন্ট্রল রুম ২৪ ঘন্টা খোলা থাকবে । উল্লেখ্য কন্ট্রল রুমের আগে অন্য নম্বর ছিল যা পরিবর্তন করা হয়েছে ।

---

তিনশুকিয়া জেলার জাগুনে গতকাল ভোরে পুলিশের কমান্ডো শিবির লক্ষ্য করে দুষ্কৃতকারীদের গোলাগুলি এবং গ্রেণেড নিক্ষেপ করার ঘটনায় কম করেও চারজন জওয়ান আহত হয়েছেন ।এই ঘটনার প্রত্যুত্তরে পুলিশের জওয়ানরাও গুলি চালায় । আহত জওয়ানদের উন্নত চিকিৎসার জন্য হাসপাতালে ভর্তি করা হয়েছে । ঘটনাস্থলে পুলিশ এবং নিরাপত্তা বাহিনী উপস্থিত হয়ে তদন্ত আরম্ভ করেছে । এদিকে নিষিদ্ধ ঘোষিত উগ্রপন্থী সংগঠন আলফা স্বাধীন এই আক্রমণের ঘটনায় জড়িত বলে সন্দেহ করা হচ্ছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা এই আক্রমণের ঘটনার তীব্র নিন্দা জানিয়েছেন --------

বাইট

---

দেশে অত্যাবশ্যকীয় জ্বালানীর অভাব হয়নি বলে সরকার পুনরায় নিশ্চিত করেছে । কেন্দ্রীয় পেট্রলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রনালয়ের প্রকাশিত তথ্য অনুযায়ি তেল শোধনাগারগুলো পূর্ণ সমর্থনের মাধ্যমে কাজ অব্যাহত রাখা সহ পেট্রল এবং ডিজেল যথেষ্ট পরিমানে মজুত রয়েছে । মন্ত্রনালয় জানিয়েছে যে রান্নার গ্যাসের ঘরুয়া সিলিন্ডার বিতরণ ব্যবস্থা স্বাভাবিক হয়েছে এবং ভূয়ো খবরের

প্রভাবে দ্রুত গ্যাস বুকিংয়ের সংখ্যা হ্রাস পেয়েছে । এছাড়া রাজ্যগুলোতে বাণিজ্যিক সিলিন্ডার বিতরণ করার গতি আগের থেকে অধিক হয়েছে এবং শিক্ষা প্রতিষ্ঠান চিকিৎসালয় সমুহকে এই ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হচ্ছে বলে মন্ত্রনালয় জানিয়েছে ।

---

আজ বিশ্ব জল দিবস । জল সংরক্ষণের প্রতি জনসাধারণের মধ্যে সচেতনতা গড়ে তোলার উদ্দেশ্যে সমগ্র বিশ্বে এই দিবস পালন করা হয় । অনিয়ন্ত্রিত নগরায়ন , পরিকাঠামো নির্মাণ , খনন সহ বিভিন্ন কারণে ভূগর্ভের জলের পরিমান হ্রাস পাচ্ছে । পৃথিবীকে বসবাসের উপযোগী করে রাখা সহ ভবিষ্যৎ প্রজন্মের জন্য সুরক্ষিত করে রাখ তে এই দিবসের অংশ হিসেবে বেশ কিছু কার্যসূচীর আয়োজন করা হয়েছে ।এবছর এই দিবসের মূল বিষয়বস্তু হচ্ছে জল এবং লিঙ্গ সমতা ।

---